

১৩

ঢাকা : মঙ্গলবার ৮ মার্চ ১৪৩৩ বাংলা

অনলাইন এডুকেশন ঘরে বসে বিদেশী ডিগ্রী



ইন্টারনেট আমাদের বাইরের জগতকে কাছে এনে অনেক সুবিধা দিচ্ছে। বিশ্বয়কর এই ইন্টারনেটের মাধ্যমে এখন আমরা ঘরে বসেই বিশ্বের ডাবত তথা পেয়ে যাচ্ছি। শুধু কি তাই? এই প্রযুক্তির বদৌলতে আমরা ঘরে বসেই পড়াশোনাও করতে পারব এবং তা একাডেমিক ডিগ্রী অর্জনের জন্য তো বটেই। ইন্টারনেটে ঘরে বসে বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী অর্জন করা যায়-যেমনটি পারছি আমাদের দেশে দূরশিক্ষণের মাধ্যমে বিএড, এমবিএ কিংবা উনুত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রাম ঘরে বসেই সম্পন্ন করতে।

আমেরিকা বা অস্ট্রেলিয়া ছাড়াও পৃথিবীর নামকরা বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন ব্যাচেলর, মাস্টার্স ডিগ্রী ঘরে বসেই ইন্টারনেটের মাধ্যমে অর্জন করতে পারা যায়। শ্রেণীকক্ষে আমরা যেমন শিক্ষকদের সামনে বসে পড়াশোনা করি ইন্টারনেটে কিন্তু ব্যাপারটি সম্পূর্ণ আলাদা। ইন্টারনেটে পড়ার জন্য নির্দিষ্ট দিনে শিক্ষার্থীকে ওয়েবসাইটের মাধ্যমে কোর্স ম্যাটেরিয়াল জানিয়ে দেয়া হয়। শিক্ষার্থী বুকেতনে মনোযোগসহকারে পড়া তৈরি করে, কোন সমস্যা হলে বা বুকেতে অসুবিধা হলে সাথে সাথে ই-মেইল করে জানিয়ে দিতে হয় সমস্যার কথা। কর্তৃপক্ষ যথাসম্ভব চেষ্টা করে সমাধান দেবার জন্য। সারা পৃথিবীতে এ ব্যবস্থায় ৪০/৫০ হাজার শিক্ষার্থী অনলাইনের মাধ্যমে উনুত বিশ্ববিদ্যালয়ের কোর্সে যুক্ত রয়েছে। আপনি অস্ট্রেলিয়ার সাউদার্ন ইউনিভার্সিটির মাধ্যমে অনলাইনে পড়তে চান। এখানে প্রতিটি কোর্সের জন্য আপনাদের খরচ হবে ৫২০ অস্ট্রেলিয়ান ডলার। তাই ক্যারিয়ার গঠন করার দৃঢ় মানসিকতায় সর্বাত্মক প্রয়োজন সঠিক ইউনিভার্সিটি নির্বাচন, নচেত উদ্দেশ্য ব্যাহত হবার আশঙ্কা

থাকে বেশি। এখানে অনলাইনে পড়াশোনা করা যায় এমন কতিপয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব এ্যাড্রেস দেয়া হলো। প্রয়োজনে বিস্তারিত শিক্ষাপ্রকৃতি জেনে, অধিকতর নিশ্চিত হয়ে শুরু করা যায় অনলাইনে পড়াশোনা। এ ক্ষেত্রে আপনি স্বদেশে কোন প্রতিষ্ঠানের ছাত্র হলেও সমস্যা নেই। একসাথে চালিয়ে যেতে পারেন অনলাইন এডুকেশন এবং অর্জন করতে পারেন একত্রে দুটি ডিগ্রী।

১. ইউনিভার্সিটি অব সাউদার্ন কুইন্সল্যান্ড : www.usqonline.com.au
২. ওপেন ইউনিভার্সিটি অব ব্রিটেন : www.open.ac.uk
৩. ক্যালিফোর্নিয়া ভার্সিটি ইউনিভার্সিটি : www.california.edu
৪. ইউনিভার্সিটি অব ফিনিজ : www.online.uophx.edu

আতাউর রহমান কাবুল